

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা - ৭০০ ০০৭

ফোন নং - (০৩৩) ২২৪১-২০৬০

সার্কুলার - ৯/২০২৩

তারিখ ০৭-১২-২০২৩

কনভেনর প্রাইমারী ইউনিট/সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়


সার্থী,

উৎসবের আবহের শেষে আবার আমরা প্রত্যেকেই আমাদের কর্মস্থানে নিজ নিজ দায়িত্বে যেমন ফিরে এসেছি, তেমনই শিক্ষা ও শিক্ষকের স্বার্থে নিয়মিত আলোচনা- আলোচনা, আন্দোলন ও আইনের পথেও আমাদের সংগঠন চলছে। আপনাদের জ্ঞাতার্থে জানাই দ্বিতীয় দফায় গৃহভাড়া ভাড়া (HRA) থেকে বঞ্চিত সদস্যবন্ধুরা সমিতির নেতৃত্বে মহামান্য কলিকাতা উচ্চ বিচারালয়ে রাজ্য সরকারের বঞ্চনার বিরুদ্ধে যে মামলা করেছিলেন সেই আইনী লড়াইয়ে সমিতির সদস্যবন্ধুরা জয়ী হয়েছেন। এই জয়ের অংশীদার আপনারা সকলে।

গত ২৯ নভেম্বর, ২০২৩ সমিতির নেতৃত্বদ্বন্দ্ব সহকর্মী বন্ধুদের দীর্ঘদিন বিকাশভবন-এ আটকে থাকা পেশাগত দাবি নিয়ে মাননীয় ডি.পি.আই এর সাথে দেখা করেন। সমিতির নেতৃত্বের সাথে মাননীয় ডি.পি.আই সহ অন্যান্য আধিকারিকদের দীর্ঘক্ষণ এক সদর্থক আলোচনা হয়। এম.ফিল, পি.এইচ.ডি ডিগ্রী প্রাপ্তির জন্য সহকর্মীবন্ধুদের বকেয়া এবং তাঁদের অন্যান্য বকেয়া যা এতকাল রাজ্যের উচ্চশিক্ষা দপ্তর দিতে অস্বীকার করছিলো, সমিতির নিরন্তর প্রচেষ্টায় আজ ডি.পি.আই এই সমস্ত বকেয়া অবিলম্বে মিটিয়ে দেওয়ার ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। রেগুলার পেনশন সহ ২০১৬ সালের পূর্ববর্তী পেনশনারদের ফাইলের কাজ আরো দ্রুততার সঙ্গে সম্পন্ন করবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সমিতির নেতৃত্বকে। সহকর্মীবন্ধুদের SACT-2 থেকে SACT-1 এ উন্নীতকরণের কাজও দ্রুততার সঙ্গে এগোচ্ছে বলে জানানো হয়েছে। RC/OP সংক্রান্ত UGC নির্দেশিকা এরায়ে কার্যকর করবার প্রক্ষে মাননীয় ডি.পি.আই জানিয়েছেন যে, ২০১৮ সালের UGC রেগুলেশন এই রায়ে কার্যকর হওয়ার সময় এই নির্দেশিকা-কে সংযুক্ত করবার সুপারিশ করা হয়েছে।

আপনারা সকলেই অবগত আছেন এবং প্রতিনিয়ত প্রত্যক্ষ করে চলেছেন সারা দেশ সহ রায়ে 'জাতীয় শিক্ষানীতি- ২০২০' কার্যকর করতে নতুন নতুন ফরমান জারি করে চলেছে ইউ. জি. সি এবং রায়ে উচ্চশিক্ষা দপ্তর। সমিতি আজও শিক্ষা, শিক্ষার্থী, শিক্ষক স্বার্থ বিরোধী এই শিক্ষানীতি বাতিলের দাবিতে অবিচল। অত্যন্ত কঠিন এই লড়াই জারি রাখতে আপনাদের সকলের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরি। সদস্যবন্ধুদের কাছে তাই অনুরোধ অতিদ্রুত ২০২২-২৩ সালের সদস্যপদ নবীকরণের মধ্য দিয়ে আপনারা সমিতির সংগ্রামী ঐতিহ্যকে আরো উজ্জ্বল করে তুলুন।

শুভেচ্ছা সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪